# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

আইসিটি বিভাগ, বিসিআইসি, ঢাকা।

**বিষয়: ইনোভেশন টিম/কমিটির মাসিক নিয়মিত ২৯তম (২০২১-২০২২ অর্থ বছরের ৬ষ্ঠ) সভার কার্যবিবরণী।**

১৫ জুন ২০২২ তারিখ বুধবার সকাল ৯:৩০ ঘটিকায় সংস্থার পরিচালক (কারিগরি ও প্রকৌশল) এবং ইনোভেশন অফিসার জনাব মোঃ মনিরুল ইসলাম এর সভাপতিত্বে বিসিআইসি এর ৫ম তলার কনফারেন্স রুমে ইনোভেশন টিম/কমিটির নিয়মিত সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ইনোভেশন টিম/কমিটির সদস্য/কর্মকর্তাদের নামের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) নিম্নরূপ:

| ক্রম | নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব মোঃ শাহীন কামাল | পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ২ | জনাব এ বি এম ফেরদৌস | মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ ও সদস্য-সচিব, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৩ | জনাব এস. এম. সোহেল আহাম্মদ | হিসাব নিয়ন্ত্রক ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৪ | জনাব মোহাম্মদ জাকির হোসেন | কর্মচারী প্রধান এবং সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৫ | মীর মনির হোসেন | মহাব্যবস্থাপক, পিআইডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৬ | প্রকৌ: আবু সাদেক তালুকদার | প্রধান প্রকৌশলি, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৭ | জনাব মোঃ রেজাউল করিম | অতি. প্রধান ব্যবস্থাপক (উৎপাদন), পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৮ | জনাব মোঃ মেফতাউল ইসলাম | অতি. প্রধান রসায়নবিদ, আরপিডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৯ | জনাব ইমরান আহমেদ | উপ-ব্যবস্থাপক, আইসিটি বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |

২.০ সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমে বিগত ১০ মে ২০২২ তারিখে অনুষ্ঠিত ২০২১-২০২২ অর্থ বছরের ৫ম (নিয়মিত ২৮তম) সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। কার্যবিবরণীতে নিম্নে উপস্থাপিত সংশোধনীসহকারে তা সর্বসম্মতক্রমে গৃহীত হয়।

| ক্রম | পূর্বের বর্ণনা | সংশোধিত বর্ণনা |
|---|---|---|
| ১ | (৫.৫) প্রাইমারী রিফরমার ক্যাটালিস্টের স্বল্পতার কারণে রিফরমার টিউবে রক্ষিত ইউজড (used) ক্যাটালিস্ট পুনঃরায় ইউজ (use) করার জন্য নিরাপদে টিউব থেকে সংরক্ষণ করার কৌশল প্রসঙ্গে। | জেএফসিএল এর প্রাইমারী রিফরমার ক্যাটালিস্টের স্বল্পতার কারণে রিফরমার টিউবে রক্ষিত ইউজড (used) ক্যাটালিস্ট পুনঃব্যবহার করার জন্য নিরাপদে টিউব থেকে অপসারণ করার কৌশল প্রসঙ্গে। |
| ২ | (৫.৬) ২০২১-২০২২ অর্থ বছরে ইনোভেশন হিসেবে পুরস্কার প্রাপ্ত হননি এমন সকল প্রস্তাব উপস্থাপনকারী কর্মকর্তাকে পূর্ব সিদ্ধান্ত অনুযায়ী letter of appreciation ও সনদ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ২০২১-২০২২ অর্থ বছরে ইনোভেশন হিসেবে পুরস্কার প্রাপ্ত হননি এমন সকল প্রস্তাব উপস্থাপনকারী কর্মকর্তাকে পূর্ব সিদ্ধান্ত অনুযায়ী letter of appreciation প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। |

৩.০ সভায় এ পর্যায়ে সভাপতি মহোদয় ২০২১-২০২২ অর্থ বছরের ৫ম সভার সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন প্রতিবেদন ও এতদসংক্রান্ত তথ্য উপাত্ত উপস্থাপন করার জন্য ইনোভেশন কমিটি'র সদস্য সচিব জনাব এ বি এম ফেরদৌস, মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ-কে অনুরোধ করেন।

**৪.০. আলোচনা:**

৪.১) ইনোভেশন কমিটি'র সদস্য সচিব জনাব এ বি এম ফেরদৌস, মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ, বিসিআইসি ২০২১-২০২২ অর্থ বছরের ৫ম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।

| ক্রম | সিদ্ধান্ত | অগ্রগতি |
|---|---|---|
| ৫.১ | সভায় পূর্ব প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে সভার নোটিশের সাথে পূর্ববর্তী সভার কার্যবিবরণী পুনরায় প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | বাস্তবায়িত |
| ৫.২ | বিসিআইসি'র চেয়ারম্যান (গ্রেড-১) মহোদয়ের নিকট থেকে তারিখ ও সদয় সম্মতি গ্রহণ করে ইনোভেশন কর্মপরিকল্পনার ক্রমিক ৮.২ এ দুই দিনের মেন্টরিং কর্মশালা বিসিআইসি প্রধান কার্যালয় এবং নিয়ন্ত্রণাধীন কারখানা/প্রতিষ্ঠানসমূহের মেন্টর/মেন্টিদের নিয়ে আগামী জুন ২০২২ মাসের ২য়/৩য় সপ্তাহের মধ্যে আয়োজন করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | জুন ২০২২ এর ২০-২৮ তারিখের মধ্যে আয়োজনের জন্য প্রস্তুতি সম্পন্ন হয়েছে |

| | | |
|---|---|---|
| ৫.৩ | ইনোভেশন কমিটি এর সদস্য সমন্বয়ে "উৎপাদনশীলতা ও উদ্ভাবন" বিষয়ের উপর সকল কারখানা/প্রতিষ্ঠানে ০১ দিন করে কর্মশালা আয়োজনের জন্য ২০২২-২০২৩ অর্থ বছরে পরিকল্পনা প্রস্তুত করতে হবে এবং প্রস্তুতকৃত পরিকল্পনা অনুযায়ী প্রধান কার্যালয় এর ইনোভেশন খাত থেকে বাজেট বরাদ্দ নিয়ে কারখানা/প্রতিষ্ঠান পর্যায়ের কর্মশালা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | যেহেতু বিষয়টি ২০২২-২০২৩ অর্থ বছরের আগামী অর্থ বছরের শুরুতে পরিকল্পনা করে অনুমোদন নিয়ে বাস্তবায়ন করা হবে |
| ৫.৪ | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয় এর নির্দেশনার আলোকে "ডিজিটাল টেলিফোন গাইড মোবাইল এ্যাপস"টি বাস্তবায়ন করার জন্য প্রস্তাব উপস্থাপনকারী কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। সার্বিক ডিজাইন করার জন্য উপস্থাপনকারী কর্মকর্তা এ বিষয়ে পারদর্শী অন্যকোন কর্মকর্তাকে অংশীজন হিসেবে গ্রহণ করতে পারে।<br>বাস্তবায়নে: জনাব মোঃ তারেক ইমরান, প্রোগ্রামার, আইসিটি বিভাগ, বিসিআইসি। | আগামী ২০২২-২০২৩ অর্থ বছরের উদ্ভাবনী ধারণায় উপস্থাপন করা হবে |
| ৫.৫ | ২০২১-২০২২ অর্থ বছরে দ্বিতীয় ধাপে প্রাপ্ত ধারণাগুলি হতে প্রাথমিকভাবে চারটি ধারণা ২০২১-২০২২ অর্থ বছরের দ্বিতীয় ধাপের উদ্ভাবনী ধারণা হিসেবে তালিকা প্রকাশ করার জন্য পরবর্তী সভায় প্রস্তাব উপস্থাপনকারী কর্মকর্তাগণের সাথে আলোচনা সাপেক্ষে চূড়ান্ত করার লক্ষ্যে প্রস্তাব উপস্থাপনকারী কর্মকর্তাগণ-কে পরবর্তী ইনোভেশন কমিটি'র সভায় অনলাইনে যুক্ত থাকার জন্য আইসিটি বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | বাস্তবায়িত |
| ৫.৬ | ২০২১-২০২২ অর্থ বছরে ইনোভেশন হিসেবে পুরস্কার প্রাপ্ত হননি এমন সকল প্রস্তাব উপস্থাপনকারী কর্মকর্তাকে পূর্ব সিদ্ধান্ত অনুযায়ী letter of appreciation প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | পত্র তৈরি করে আসন্ন প্রশিক্ষণ অনুষ্ঠানে প্রদান করা হবে |
| ৫.৭ | ইনোভেশন কমিটির ২০২১-২২ অর্থ বছরের ৬ষ্ঠ সভাটি সম্ভাব্য ১৫ জুন ২০২২ তারিখে আয়োজন করার জন্যও সচেষ্ট থাকতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | বাস্তবায়িত |

৪.২) সভায় এ পর্যায়ে নোটিশের আলোচ্যসূচি অনুযায়ী দ্বিতীয় ধাপে বাছাইকৃত ০৪টি উদ্ভাবনী ধারণা সম্পর্কে অন-লাইনে উপস্থিত উদ্ভাবকগণের নিকট থেকে উপস্থাপনা নিয়ে যাচাইয়ান্তে ইনোভেশন কমিটি কর্তৃক চূড়ান্ত করা হয়।

৪.৩) পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি জনাব মোঃ শাহীন কামাল বলেন যে, টিআইসিআইএর Online ভিত্তিক মূল্যায়ন পদ্ধতিকে বিসিআইসি নিয়ন্ত্রণাধীন সকল স্কুল ও কলেজে রেপ্লিকেট করতে হবে। বিষয়টি নিয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে টিআইসিআইএর Online ভিত্তিক মূল্যায়ন পদ্ধতিকে বিসিআইসি নিয়ন্ত্রণাধীন সকল স্কুল ও কলেজে রেপ্লিকেট করার জন্য উপস্থিত সকল সদস্য ঐকমত্য পোষণ করেন।

৪.৪) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বিসিআইসি প্রধান কার্যালয় এর জন্য প্রযোজ্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০২২-২০২৩ এবং উক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করা হলে সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এছাড়া মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বিসিআইসি'র মাঠ পর্যায়ের অফিসের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০২২-২০২৩ উপস্থাপন করা হলে সভায় সর্বসম্মতিক্রমে বিষয়টি গৃহীত হয়। ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে বিসিআইসি'র চেয়ারম্যান (গ্রেড-১) মহোদয়ের অনুমোদনক্রমে পরিকল্পনাসমূহ বিসিআইসি'র ওয়েবসাইটে প্রকাশ এবং মাঠ পর্যায়ে বাস্তবায়নের নিমিত্ত স্বল্পতম সময়ে প্রেরণের জন্য উপস্থিত সকল সদস্য ঐকমত্য পোষণ করেন।

৪.৫) বিগত ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরের অনুরূপ ২০২২-২০২৩ অর্থ বছরে অনুষ্ঠিতব্য ইনোভেশন কমিটির ছয় বা ততোধিক সভা আয়োজনের নিমিত্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইনোভেশন খাত থেকে ভ্যাট ও ট্যাক্সসহ সমন্বয়যোগ্য (৬,০০০×৬)=৩৬,০০০ (ছত্রিশ হাজার) টাকা বাজেট ছাড় নিয়ে ইনোভেশন কমিটির প্রতিটি সভায় বিভিন্ন খরচ যেমন: কাগজ, উন্নতমানের কলম, ফাইল, খাবার/নাস্তা ইত্যাদি বাবদ ব্যয় করা যেতে পারে।

৪.৬) ইনোভেশন কমিটির সদস্য-সচিব জনাব এ বি এম ফেরদৌস বলেন যে, ইনোভেশন কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের সভা নিম্নোক্ত তারিখ অনুযায়ী আয়োজন করার জন্য পরিকল্পনায় রাখা যেতে পারে।

| ক্রম | নিয়মিত সভা | ২০২১-২২ অর্থ বছরের সভা | তারিখ | সময় | বার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ৩০তম | ১ম | ০৬/০৭/২০২২ | সকাল ১০:০০ ঘটিকা | বুধবার | |
| ২ | ৩১তম | ২য় | ০৭/০৯/২০২২ | সকাল ১০:০০ ঘটিকা | বুধবার | |
| ৩ | ৩২তম | ৩য় | ০৯/১১/২০২২ | সকাল ১০:০০ ঘটিকা | বুধবার | |
| ৪ | ৩৩তম | ৪র্থ | ০৪/০১/২০২৩ | সকাল ১০:০০ ঘটিকা | বুধবার | |
| ৫ | ৩৪তম | ৫ম | ০৮/০৩/২০২৩ | সকাল ১০:০০ ঘটিকা | বুধবার | |
| ৬ | ৩৫তম | ৬ষ্ঠ | ১০/০৫/২০২৩ | সকাল ১০:০০ ঘটিকা | বুধবার | |

যেহেতু বিষয়টি পূর্বের ধারাবাহিকতা সেহেতু উপস্থিত সকল সদস্য সভা আহ্বানের বিষয়ে ঐকমত্য পোষণ করেন।

৪.৭) সভার সভাপতি ও ইনোভেশন অফিসার জনাব মোঃ মনিরুল ইসলাম বলেন যে, ইনোভেশন কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের ধারা অব্যহত রাখতে হবে।

**৫. <u>সভার সিদ্ধান্তসমূহ:</u>**

৫.১) ২০২১-২০২২ অর্থ বছরে দ্বিতীয় ধাপে প্রাপ্ত ১০টি ধারণা হতে চূড়ান্তভাবে নির্বাচিত চারটি ধারণা যথা: (ক) ডিএপিএফসিএল এর ব্যাগিং প্যাকারস্কেল চ্যুট মডিফিকেশনের মাধ্যমে ব্যাগড্রপ ৬/৭ থেকে ১০/১১-এ উন্নীতকরণ; (খ) জেএফসিএল এর প্রাইমারী রিফরমার ক্যাটালিস্টের স্বল্পতার কারণে রিফরমার টিউবে রক্ষিত ইউজড (used) ক্যাটালিস্ট পুনঃব্যবহার করার জন্য নিরাপদে টিউব থেকে অপসারণ করার কৌশল; (গ) এসএফসিএল এর ইউরিয়া গ্রানুলেশন প্ল্যান্টে উদ্ভাবনী কার্যক্রম হিসাবে Crusher Feed Hopper (T- 662) হতে ০১ (এক) টি Overflow Line স্থাপন; এবং (ঘ) টিআইসিআইএর Online ভিত্তিক মূল্যায়ন পদ্ধতি প্রণয়ন;-কে ২০২১-২০২২ অর্থ বছরের দ্বিতীয় ধাপের উদ্ভাবনী ধারণা হিসেবে তালিকা প্রকাশ করার জন্য বিসিআইসি কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণের জন্য নথি উপস্থাপন করতে হবে। এ বিষয়ে বিসিআইসি'র চেয়ারম্যান (গ্রেড-১) মহোদয় চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করতে পারেন।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.২) টিআইসিআইএর Online ভিত্তিক মূল্যায়ন পদ্ধতিকে বিসিআইসি নিয়ন্ত্রণাধীন সকল স্কুল ও কলেজে রেপ্লিকেট করতে হবে। বিষয়টি বাস্তবায়নে বিসিআইসি'র আইসিটি বিভাগ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৩) ২০২১-২০২২ অর্থ বছরে উদ্ভাবনী প্রস্তাবনা জমা দিয়েছে মোট ২০ জন। এর মধ্যে ০২ টি প্রস্তাব চূড়ান্ত হয়ে উদ্ভাবকদ্বয়কে পুরস্কার প্রদান করা হয়েছে এবং অবশিষ্ট ০৪টি প্রস্তাবকে উদ্ভাবনী উদ্যোগ হিসেবে নির্বাচিত হওয়ার নিমিত্তে অপেক্ষমান রয়েছে। এছাড়া ২০২১-২০২২ অর্থ বছরে ইনোভেশন হিসেবে পুরস্কার প্রাপ্ত হননি এমন ১৪ জন প্রস্তাব উপস্থাপনকারী কর্মকর্তাকে পূর্ব সিদ্ধান্ত অনুযায়ী letter of appreciation প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৪) বিসিআইসি'র চেয়ারম্যান (গ্রেড-১) মহোদয়ের নিকট থেকে তারিখ ও সদয় সম্মতি গ্রহণ করে জুন ২০২২ এর মধ্যেই ০২ দিনের মেন্টর/মেন্টিদের কর্মশালা আয়োজন সম্পন্ন করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৫) "মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বিসিআইসি প্রধান কার্যালয় এর জন্য প্রযোজ্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০২২-২০২৩"; "ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক বিসিআইসি'র কর্মপরিকল্পনা" এবং "মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বিসিআইসি'র মাঠ পর্যায়ের অফিসের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০২২-২০২৩" আগামী ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে বিসিআইসি'র চেয়ারম্যান (গ্রেড-১) মহোদয়ের অনুমোদনক্রমে বিসিআইসি'র ওয়েবসাইটে প্রকাশ এবং বিসিআইসি'র কারখানা ও প্রতিষ্ঠানসমূহে বাস্তবায়নের নিমিত্ত স্বল্পতম সময়ে প্রেরণের জন্য নথি উপস্থাপন করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৬) বিগত ২০২১-২০২২ অর্থ বছরের অনুরূপ ২০২২-২০২৩ অর্থ বছরে অনুষ্ঠিতব্য ইনোভেশন কমিটির ছয় বা ততোধিক সভা আয়োজনের নিমিত্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইনোভেশন খাত থেকে ভ্যাট ও ট্যাক্সসহ সমন্বয়যোগ্য (৬,০০০×৬)=৩৬,০০০ (ছত্রিশ হাজার) টাকা বাজেট ছাড় নিয়ে ইনোভেশন কমিটির প্রতিটি সভায় বিভিন্ন খরচ যেমন: কাগজ, উন্নতমানের কলম, ফাইল, খাবার/নাস্তা ইত্যাদি ব্যয় করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৭) "মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বিসিআইসি'র কারখানা/প্রতিষ্ঠানসমূহের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০২২-২০২৩" অনুযায়ী প্রশিক্ষণ/কর্মশালা বাস্তবায়নে বিসিআইসি'র ইনোভেশন কমিটি সার্বিক সহযোগিতা প্রদান করবে। বিসিআইসি'র কারখানা ও প্রতিষ্ঠানসমূহ আবশ্যিকভাবে ইনোভেশন খাতে বাজেট বরাদ্দ রাখবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৮) ইনোভেশন কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের সভা নিম্নোক্ত তারিখ অনুযায়ী আয়োজন করার জন্য সচেষ্ট থাকতে হবে:

| ক্রম | নিয়মিত সভা | ২০২১-২২ অর্থ বছরের সভা | তারিখ | সময় | বার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ৩০তম | ১ম | ০৬/০৭/২০২২ | সকাল ১০:০০ ঘটিকা | বুধবার | নির্ধারিত লক্ষ্য অর্জন করা হবে |
| ২ | ৩১তম | ২য় | ০৭/০৯/২০২২ | সকাল ১০:০০ ঘটিকা | বুধবার | |
| ৩ | ৩২তম | ৩য় | ০৯/১১/২০২২ | সকাল ১০:০০ ঘটিকা | বুধবার | |
| ৪ | ৩৩তম | ৪র্থ | ০৪/০১/২০২৩ | সকাল ১০:০০ ঘটিকা | বুধবার | |
| ৫ | ৩৪তম | ৫ম | ০৮/০৩/২০২৩ | সকাল ১০:০০ ঘটিকা | বুধবার | |
| ৬ | ৩৫তম | ৬ষ্ঠ | ১০/০৫/২০২৩ | সকাল ১০:০০ ঘটিকা | বুধবার | |

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

20-04-2022

মোঃ মনিরুল ইসলাম
পরিচালক (কারিগরি ও প্রকৌশল)
এবং
ইনোভেশন অফিসার, বিসিআইসি।